যুগান্তর

তারিখ 31 JUL 2015
পৃষ্ঠা ... কলাম ...

জাতীয় বিশ্ববিদ্যালয়

মাস্টার্সে রিলিজ স্লিপের মেধা তালিকা প্রকাশ ৩ আগস্ট

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষবর্ষ (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের মেধা তালিকা আগামী ৩ আগস্ট প্রকাশ করা হবে। ওই দিন বিকাল ৪টা থেকে যে কোনো মোবাইলের মেসেজ অপশনে গিয়ে NU<space>ATMF<space>Roll লিখে 16222 নম্বরে Send করে জানা যাবে। তাছাড়া রাত ৯টা থেকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd/admissions অথবা admissions:nu.edu.bd থেকে পাওয়া যাবে। রিলিজ স্লিপের ভর্তি কার্যক্রম শেষ হলে পরবর্তীতে আর কোনো মেধা তালিকা প্রকাশ করা হবে না। অর্থাৎ ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর শেষবর্ষ (নিয়মিত) ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে বলে বিবেচিত হবে।

স্নাতকে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়ওয়ারি পত্র কোড এন্ট্রির সময় বৃদ্ধি : জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে যে সব কলেজ ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়ওয়ারি পত্র কোড অনলাইনে এন্ট্রি দিতে পারেনি সেসব কলেজ আগামী ১৬ আগস্টের মধ্যে পত্র কোড দিতে পারবে। বৃহস্পতিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ তথ্য ও পরামর্শ দফতর এ তথ্য জানিয়েছে।